

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
 তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
 এসপায়ার টু ইনোভেট (এটুআই) প্রোগ্রাম
 a2i.gov.bd
 Dhaka



স্মারক নম্বর: ৫৬.৪২.০০০০.০২৪.২৫.০০৩.২২.১

তারিখ: ১৯ মাঘ ১৪২৮

০২ ফেব্রুয়ারি ২০২২

বিষয়: সহকারী কমিশনার (ভূমি) (নতুন যোগদানকৃত) গণের ই-নামজারি সফটওয়্যার ব্যবহার ও দক্ষতা উন্নয়ন বিষয়ক ১ (এক) দিনব্যাপী প্রশিক্ষণে প্রশিক্ষনার্থী মনোনয়ন

সূত্র: সূত্র: (ক) গত ২৮ জুন ২০২০ খ্রিষ্টাব্দ তারিখে ভূমি মন্ত্রণালয় ও এটুআই এর মধ্যে স্বাক্ষরিত সমঝোতা স্মারক উল্লিখিত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত রূপকল্প ২০২১ তথা ডিজিটাল বাংলাদেশ বাস্তবায়নের লক্ষ্যে ভূমি মন্ত্রণালয় ও এসপায়ার টু ইনোভেট (এটুআই) প্রোগ্রাম কর্তৃক যৌথভাবে ভূমিসেবা ডিজিটাইজেশনের কার্যক্রম চলামান রয়েছে। তাঁরই ধারাবাহিকতায় ভূমি মন্ত্রণালয় কর্তৃক (স্মারক নং-৩১.০০.০০০০.০৫৬.১৯.০৬১.২০.১৩১, তারিখ: ২৮ জুন ২০২১ খ্রিষ্টাব্দ, মাঠ প্রশাসন-২ অধিশাখা) পদায়িত সহকারী কমিশনার (ভূমি) গণকে ই-নামজারি সফটওয়্যার ব্যবহার ও দক্ষতা উন্নয়নের জন্য বর্ণিত তালিকা মোতাবেক (প্রশিক্ষনার্থীদের তালিকা,) ই-নামজারি বিষয়ক প্রশিক্ষণ প্রদানের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। আগামী ৮, ৯ ও ১০ ফেব্রুয়ারি ২০২২ তারিখে সংযুক্ত সূচি (প্রশিক্ষণ সূচি,) অনুযায়ী দিনব্যাপী (সকাল ৮:৩০ টা থেকে বিকাল ৫:৩০ টা) অনলাইনে প্রশিক্ষণ প্রদান করা হবে। প্রশিক্ষণের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে জনাব মোঃ মোস্তাফিজুর রহমান পিএএ মাননীয় সচিব ভূমি মন্ত্রণালয় সদয় সম্মতি জ্ঞাপন করেছেন। তাছাড়া সমাপনি অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন ড. দেওয়ান মুহাম্মদ হুমায়ুন কবীর, প্রকল্প পরিচালক (যুগ্মসচিব) এটুআই মহোদয়।

২। এখানে উল্লেখ্য যে, সহকারী কমিশনার (ভূমি)গণের ইমেইলে প্রশিক্ষণ জুমলিংক ও রেজিস্ট্রেশন লিংক প্রেরণ করা হবে। এটুআইয়ের পক্ষে আয়েশা মোস্তফা (মোবাইল: ০১৭১৩ ২০১২০১), ইয়ং প্রোফেশনাল এবং কাজী মুহাইমিনুল ইসলাম (মোবাইল: ০১৭৫৬ ৬১৪৬৪১), ইয়ং প্রোফেশনাল, ফোকাল পয়েন্ট ও কারিগরি সহায়তার দায়িত্ব পালন করবেন। প্রশিক্ষণে অংশগ্রহণকারীগণকে সরকারি বিধি মোতাবেক সম্মানি ও ইন্টারনেট কানেক্টিভিটি ফি প্রদান করা হবে।

৩। এমতাবস্থায়, ই-নামজারি সফটওয়্যার ব্যবহার ও দক্ষতা উন্নয়ন বিষয়ক দিনব্যাপী অনলাইন প্রশিক্ষণে তাঁর জেলার নতুন পদায়িত সহকারী কমিশনার (ভূমি)গণকে তালিকা মোতাবেক প্রশিক্ষণে অংশগ্রহণের নির্দেশনা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



৩-২-২০২২

মো: ছাইফুল ইসলাম

যুগ্ম প্রকল্প পরিচালক (কম্পোনেন্ট-১) (যুগ্মসচিব)

(অতিরিক্ত দায়িত্ব)

ফোন: ৫৫০০৬৯৩১-৩৪

ফ্যাক্স: ৫৫০০৬৯৩৬

ইমেইল: dewan.kabir@a2i.gov.bd

সচিব

ভূমি মন্ত্রণালয়

স্মারক নম্বর: ৫৬.৪২.০০০০.০২৪.২৫.০০৩.২২.১/১(১৮৪)

তারিখ: ১৯ মাঘ ১৪২৮
০২ ফেব্রুয়ারি ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) জেলা প্রশাসক (সকল)। সংযুক্ত তালিকা অনুযায়ী তাঁর আওতাধীন সকল সহকারী কমিশনার(ভূমি) কে অবহিতকরণের অনুরোধসহ।
- ২) উপজেলা নির্বাহী অফিসার (সকল)



৩-২-২০২২

মো: হাইফুল ইসলাম
যুগ্ম প্রকল্প পরিচালক (কম্পোনেন্ট-১)
(যুগ্মসচিব) (অতিরিক্ত দায়িত্ব)